



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র/২০১১/১৫৫২

তারিখঃ ২৬/০৮/২০১৪ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫২৫ তম কমিশন সভা অদ্য ২৬/০৮/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় Social Islami Bank Limited এর ৩০০ কোটি টাকার Mudaraba Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করা হয়েছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ থেকে ০৬ বছর। ব্যাংক, ইস্যুরেস, আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট হাউজ এবং ব্যক্তি বিনিয়োগকারীগণ (Individual Investors) শুধুমাত্র এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, offer document অনুযায়ী এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Social Islami Bank Limited, Tier 2 মূলধন বৃদ্ধির কাজে ব্যয় করবে। Social Islami Bank Limited, Mudaraba Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা, মার্কেট লট ব্যক্তি বিনিয়োগকারীর জন্য ১টি (নূন্যতম চাঁদা ৫ লক্ষ টাকা মাত্র) এবং প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীর জন্য প্রতিটি মার্কেট লট ২০ টি (নূন্যতম চাঁদা ১ কোটি টাকা মাত্র)। এই বন্ডের ইস্যু ম্যানেজার হিসেবে AAA Finance & Investment Limited কাজ করছে। মুদারাবা টার্ম ডিপোজিট হারের ১২০% হারে বার্ষিক লাভ প্রদান করা হবে।
২. National Feed Mill Limited এর ১০.০০ টাকা মূল্যমানের ১.৮০ কোটি টি সাধারণ শেয়ার অভিহিতমূল্যে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১৮.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ব্যবসায় সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ, চলতি মূলধন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন, ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.৮৫ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৪.৫৫ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Limited এবং PLFS Investments Limited।
৩. স্টক ব্রোকার/স্টক ডিলার AB Securities Limited (DSE Member # 201) -এ কমিশনের পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

ক) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ গ্রহণের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8 (c) (i) লংঘন;

খ) ৩০ এপ্রিল ২০১৩ বৎসরের Consolidated Customer Account-এ পরিশোধযোগ্য ক্লায়েন্টদের তহবিলে টাঃ ৬০,৫০৫,১৬২/- ঘাটতি থাকার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (1) & (2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর অচরণবিধি ১ ও ৬ লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় AB Securities Limited -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

—/—




# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৪. স্টক ব্রোকার/ডিলার Unique Share Management Ltd. (DSE Member No. 109) -এ কমিশনের পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

- ক) পরিচালকগণ কর্তৃক ঋণ সুবিধা গ্রহণ করে শেয়ার লেনদেনের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন; এবং
- খ) ডিলার একাউন্টে জানুয়ারী ০১, ২০১২ থেকে অক্টোবর ৩১, ২০১৩ সালে কোন লেনদেন না করায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ লংঘন;
- গ) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;
- ঘ) নন মার্জিনেবল শেয়ারে (P/E Ratio is over 40) মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010 লংঘন;
- ঙ) অতিরিক্ত মার্জিন ঋণ সুবিধা প্রদান (beyond the approved limit) করে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2009-193/92 তাং 10/01/2011 লংঘন;
- চ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ গ্রহণের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8 (c) (i) লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Unique Share Management Ltd. -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

  
২৩/০৬/২০১৪  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র